

আরবিআই/২০১১-১২/২৪৯

ডিবিওডি নং.লেগ.বিসি ৪৮/০৯.০৭.০০৫/২০১১-১২

নভেম্বর ৪, ২০১১

সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলি ব্যতীত)

প্রিয় মহাশয়,

গ্রাহক পরিষেবা – সেভিংস ব্যাঙ্ক একাউন্টধারকদের(ব্যক্তিগত) পাসবই বিলি না করা

দয়া করে অক্টোবর ৪, ২০০৬ তারিখের শিরোনামাঙ্কিত বিষয়ে আমাদের সার্কুলার ডিবিওডি.নং.লেগ.বিসি.৩২/০৯.০৭.০০৫/২০০৬-০৭ দেখুন যেখানে ব্যাঙ্কগুলিকে তাদের সমস্ত সেভিংস ব্যাঙ্ক একাউন্টধারকদের(ব্যক্তিগত) আবশ্যিকভাবে পাসবই-এর সুবিধা প্রদান করতে বলা হয়েছে এবং যে সব ক্ষেত্রে ব্যাঙ্কগুলি হিসাবের বিবরণী পাঠানোর সুবিধা প্রদান করে থাকে এবং গ্রাহক হিসাব-বিবরণী পেতে ইচ্ছুক, ব্যাঙ্ককে আবশ্যিকভাবে মাসিক হিসাব-বিবরণী পাঠাতে হবে। পাসবই এবং হিসাব-বিবরণী প্রদান করার খরচ গ্রাহকের উপর ধার্য করা উচিত নয়।

২. আমাদের দৃষ্টিগোচর হয়েছে যে কিছু ব্যাঙ্ক তাদের সেভিংস ব্যাঙ্ক একাউন্টধারকদের(ব্যক্তিগত) পাসবই বিলি করছে না এবং শুধু কমপিউটারকৃত হিসাব-বিবরণী বিলি করছে, এমনকী গ্রাহকরা পাসবই-এর সুবিধা গ্রহণের ইচ্ছাপ্রকাশ করা সত্ত্বেও। ব্যাঙ্কগুলিকে সেই কারণে উপরোক্ত সার্কুলারের নির্দেশগুলি কঠোরভাবে পালন করতে বলা হচ্ছে।

আপনার বিশ্বস্ত,

(দীপক সিংহল)

দায়িত্বপ্রাপ্ত মুখ্য মহাপ্রবন্ধক